রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুন ১৫, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭/১৪ জুন ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৩০—'ই-মিউটেশন' উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ 'স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকারি প্রতিষ্ঠানের বিকাশ' ক্যাটেগরিতে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়কে সম্প্রতি জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০'-এ ভূষিত করা হয়েছে।

২। আন্তর্জাতিক অঙ্গনে এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও সুসংহত করেছে। এই পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০' পাওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭/০৮ জুন ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব



**মূল্য :** টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭ / ০৮ জুন ২০২০

'ই-মিউটেশন' উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ 'স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকারি প্রতিষ্ঠানের বিকাশ' ক্যাটেগরিতে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়কে সম্প্রতি জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০'-এ ভূষিত করা হয়েছে। ১ জুন ২০২০ তারিখে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক বিষয়ক বিভাগের আন্ডার সেক্রেটারি জেনারেল জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধিকে এই বিষয়ে অবহিত করেন। আন্ডার সেক্রেটারি বলেন— 'ই-নামজারি একটি অসামান্য অর্জন, উদ্যোগ হিসাবে জনস্বার্থে যা সেবার উৎকর্ষ প্রতিপাদন করে।' তিনি আরও বলেন, 'দেশের জনপ্রশাসনের উন্নয়নের ক্ষেত্রে এই উদ্যোগপ্রসূত অবদান তাৎপর্যপূর্ণ এবং তা জনপ্রশাসনে কর্মরত অন্যান্য সকলকে জনসেবায় ব্রতী হতে অনুপ্রেরণা ও উৎসাহ জোগাবে।'

উল্লেখ্য স্থানীয়, জাতীয় ও বৈশ্বিক সম্প্রদায়ের জন্য প্রদত্ত সেবার ক্ষেত্রে গুণগতমান, উৎকর্ষ, সৃজনশীল উদ্যোগ উদ্‌যাপনের উদ্দেশ্যে জাতিসংঘ সাধারণ পরিষদ রিজোল্যুশন ৫৭/২৭৭ গ্রহণের মাধ্যমে ২৩ জুন তারিখকে 'জাতিসংঘ পাবলিক সার্ভিস ডে' নির্ধারণের পরিপ্রেক্ষিতে প্রতি বছর যথাযোগ্য আনুষ্ঠানিকতার সাথে দিবসটি উদ্‌যাপন করা হয়। এই সময় বিশ্বজুড়ে সরকারি খাতে গৃহীত সর্বোত্তম উদ্ভাবনী উদ্যোগগুলোকে পুরস্কৃত করে স্বীকৃতি প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ এ বছর উক্ত সম্মাননা অর্জন করেছে। বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারির প্রাদুর্ভাবের প্রেক্ষাপটে জাতিসংঘ এই বছর পাবলিক সার্ভিস পুরস্কার বিতরণ অনুষ্ঠান স্থগিত করেছে। তবে, সামাজিক যোগাযোগমাধ্যম এবং বিভিন্ন প্রচার কার্যক্রমের মধ্য দিয়ে জাতিসংঘ পুরস্কারের বিষয়টি প্রচারের পরিকল্পনা গ্রহণ করেছে।

মন্ত্রিসভা মনে করে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বশৈলী, প্রজ্ঞা, দূরদর্শিতা, প্রয়োজনানুগ ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের ফলে দেশে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে, দ্রুত গতিতে দেশ এখন এগিয়ে চলেছে এবং বৈশ্বিক পরিমণ্ডলে এক অনন্য অবস্থানে সুস্থিত হতে পেরেছে। তাঁর 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণের দূরদর্শী উদ্যোগেরই ফসল হিসাবে মর্যাদাপূর্ণ এ পুরস্কার অর্জন সম্ভব হয়েছে। উল্লেখ্য গত ১০ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রয়াস এবং প্রত্যক্ষ ও কার্যকর তত্ত্বাবধানে ভূমি ব্যবস্থাপনায় আমূল পরিবর্তন আনয়ন করা হয়েছে। ঔপনিবেশিক ব্যবস্থা থেকে উত্তরণ ঘটিয়ে প্রজাতান্ত্রিক রাষ্ট্রকাঠামোতে সরকারি সেবা প্রদান নিশ্চিত করা হচ্ছে। বর্তমানে সকল ভূমিসেবা ডিজিটাল প্রক্রিয়ায় রূপান্তরের কার্যক্রম চলমান রয়েছে। ভূমিব্যবস্থাপনায় রেকর্ড হালনাগাদকরণের ক্ষেত্রে নামজারি একটি আবশ্যকীয় প্রক্রিয়া। ভূমি সেবায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, কর্মদক্ষতা বৃদ্ধি এবং সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে বর্তমান সরকারের ভিশন-২০২১ অর্জন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ই-নামজারি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার ডিজিটাইজেশনের মাধ্যমে ভূমিব্যবস্থাপনা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিয়েছে। গত ১ জুলাই ২০১৯ থেকে সারা দেশে (তিন পার্বত্য জেলা বাদে) একযোগে শতভাগ ই-নামজারি বাস্তবায়ন শুরু হয়। মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২০ হতে ম্যানুয়াল আবেদন বন্ধ করা হয়েছে। ই-মিউটেশনের কারণে জনগণ ঘরে বসেই স্বল্প সময় ও খরচে এ সেবা গ্রহণ করতে পারছেন। এ ছাড়া এ ব্যবস্থায় দেশে ভূমি সংশ্লিষ্ট দেওয়ানি ও ফৌজদারি মামলাও হ্রাস পাচ্ছে।

আন্তর্জাতিক অঙ্গনে এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও সুসংহত করেছে। এই পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় জাতিসংঘের মর্যাদাপূর্ণ ‘ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০’ পাওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে। মন্ত্রিসভা এ সাফল্যে অবদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিবসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd